

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালাই, জয়পুরহাট।
kalai.joypurhat.gov.bd

নং- ০৫.৪৩.৩৮৫৮.০০০.১৪.০০৬.২৪-২২৮


তারিখঃ ২৫/০৪/২০২৪ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

কালাই উপজেলা পরিষদের মালিকানাধীন বিএডিসি ভবন (দ্বিতল ভবন) যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আত্রহী ফ্রেতা/ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ১৩ মে ২০২৪ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে সীলমোহরকৃত খামে সকাল ১০:০০ টা হতে দুপুর ০১.০০ টার মধ্যে নির্ধারিত ফর্মে দরপত্র দাখিল করতে হবে। ঐ দিন বিকাল ০৩.০০ টায় দরপত্র বাস্তব দর দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

নিলাম ডাকের শর্তাবলী:

- ১। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালাই, জয়পুরহাট এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন চেক বা নগদ টাকা গ্রহণযোগ্য নয়
- ২। সফল দরদাতাকে প্রদত্ত দরের উপর ১৫% ভ্যাট ও ০৩% আয়কর পরিশোধ করতে হবে
- ৩। সফল ডাককারীকে কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে জামানতবাদের অবশিষ্ট ডাকের টাকা, আয়কর ও ভ্যাট বিনা ব্যর্থতায় জমা প্রদান করতে হবে
- ৪। কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিজ ব্যয়ে পরবর্তী ১৫ (পনেরো) কর্ম দিবসের মধ্যে স্থাপনা অপসারণ করে নিতে হবে
- ৫। স্থাপনা অপসারণ করার সময় উপজেলা পরিষদের কোন সম্পদের ক্ষতিসাধন করা যাবে না;
- ৬। নিলাম বিক্রয়যোগ্য ভবন ও স্থাপনার প্রাক্কলিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র
- ৭। প্রাক্কলিত মূল্যের চেয়ে নিম্নদর গ্রহণযোগ্য নয়;
- ৮। দরপত্র ফরম ১০০/- (একশত) টাকার বিনিময়ে এ দপ্তর হতে ক্রয় করতে হবে;
- ৮। কর্তৃপক্ষ নিলামের যে কোন পর্যায়ে এই বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন/পরিবর্তন/স্থগিতকরণের ক্ষমতা সংরক্ষণ করেন।


২৫. ০৪. ২০২৪

(মোঃ আবুল হায়াত)
উপজেলা নির্বাহী অফিসার
কালাই, জয়পুরহাট।
ফোন-০২৫৮৯৯৯১৭৮০১
E-mail: unokalai@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালাই, জয়পুরহাট
- ৩। সহকারী কমিশনার (ভূমি), কালাই, জয়পুরহাট
- ৪। মেয়র, কালাই পৌরসভা, কালাই, জয়পুরহাট
- ৫। উপজেলাকর্মকর্তা, কালাই, জয়পুরহাট (তার দপ্তরের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
- ৬। সহকারী প্রকৌশলী, বিএসডিসি (সেচ), জয়পুরহাট
- ৭। অফিস কপি।